NEW YORK STATE | Department of Health

**অপ্রাপ্তবয়স্কদের সুরক্ষার জন্য তামাক এবং ভ্যাপ বিক্রেতার প্রয়োজনীয়তাগুলি**

**নিউ ইয়র্ক স্টেট তামাক নিয়ন্ত্রণ আইন (New York State Tobacco Control Law) (নিউ ইয়র্ক স্টেট জনস্বাস্থ্য আইন (New York State Public Health Law) ধারা 13-F) নিম্নলিখিতগুলি নিষিদ্ধ করে:**

- কারও কাছে স্বাদযুক্ত নিকোটিনযুক্ত ভেপার জাতীয় পণ্য বিক্রি।
- 21 বছরের কম বয়সীদের কাছে তামাক এবং ভেপার জাতীয় পণ্য বিক্রি।

**পণ্যগুলির মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:**

- সিগারেট, হারবাল সিগারেট, সিগার, চিবানোর তামাক, গুঁড়ো তামাক, বিড়ি, গুটকা, শিশা এবং অন্য যেকোনো তামাকজাত পণ্য
- রোলিং পেপার এবং পাইপ সহ ধূমপানের আরও সরঞ্জাম।
- কোনো রিফিল কার্টিজ বা অন্যান্য উপাদান সহ নিকোটিনের উপস্থিতি নির্বিশেষে যেকোনো ধরণের ভ্যাপ জাতীয় পণ্য

**প্রয়োজনীয়তাসমূহ**

- তামাক এবং ভেপার জাতীয় পণ্য বিক্রি করার জন্য বিক্রেতাদের কাছে অবশ্যই নিউ ইয়র্ক স্টেট কর ও অর্থ সংক্রান্ত বিভাগ (New York State Department of Taxation and Finance) থেকে নিবন্ধনের বৈধ শংসাপত্র মজুদ থাকতে হবে।
- 21 বছরের কম বয়সী কাউকে তামাক বা ভ্যাপ পণ্য বিক্রি করবেন না।
- কাউকে যদি দেখতে 25 বছরের কম বলে মনে হয় তাহলে তার বয়সের বৈধ প্রমাণের জন্য অনুরোধ করবেন। বয়সের প্রমাণটি অবশ্যই স্টেট বা অন্য সরকারী সংস্থা দ্বারা জারি করা একটি বৈধ ড্রাইভিং লাইসেন্স বা একটি নন-ড্রাইভার আইডি, একটি মার্কিন সামরিক আইডি, বা একটি বৈধ পাসপোর্ট হতে হবে। কলেজ দ্বারা জারি করা আইডি কার্ডগুলি গ্রহণযোগ্য নয়।
- স্বাদযুক্ত ভ্যাপ জাতীয় পণ্য বিক্রি করবেন না।
- সমস্ত তামাক এবং ভ্যাপ জাতীয় পণ্য শুধুমাত্র কর্মচারীদের জন্য প্রাপ্তিযোগ্য একটি কাউন্টারের পিছনে, বা একটি লক করা পাত্রে রাখবেন।
- শুধুমাত্র ধূমপানের দোকান এবং অন্যান্য তামাকের ব্যবসা যেগুলি প্রধানত তামাকজাত পণ্য বিক্রি করে তারা বিড়ি এবং গুটকা বিক্রি করতে পারে।
- একটি চিহ্ন লাগাবেন যা আপনার গ্রাহকরা সহজেই দেখতে পারেন যার মধ্যে লেখা থাকবে:

  "21 বছরের কম বয়সীদের কাছে এই বস্তুগুলির বিক্রয় আইন দ্বারা নিষিদ্ধ: সিগারেট, সিগার, চিবানোর তামাক, গুঁড়ো তামাক, শিশা বা অন্যান্য তামাকজাত পণ্যগুলি, হারবাল সিগারেট, তরল নিকোটিন, ইলেকট্রনিক সিগারেট, রোলিং পেপার বা ধূমপানের আরও সরঞ্জাম।"
- বিড়ি এবং গুটকা বিক্রি করে এমন ব্যবসাগুলিকেও অবশ্যই একটি চিহ্ন লাগাতে হবে যার মধ্যে লেখা থাকবে:

  "আইন দ্বারা কম বয়সীদের কাছে বিড়ি বিক্রি নিষিদ্ধ।" এবং "আইন দ্বারা কম বয়সীদের কাছে গুটকা বিক্রি নিষিদ্ধ।"
- সমস্ত সিগারেট অবশ্যই উৎপাদকের আসল প্যাকেজিংয়ে বিক্রি করতে হবে।

- আপনি নিম্নলিখিতগুলি বিক্রি করতে পারবেন না:
    - ◊ একটি করে সিগারেট, প্যাকেট খুলে বা একটি।
    - ◊ 20 টির কম সিগারেট থাকা প্যাকেজগুলি।
    - ◊ 0.6 আউন্সের কম তামাক থাকা নিজের-তামাক-রোল করুন (roll-your-own) প্যাকেজ।
    - ◊ সিগারেট মোড়ানোর কাগজ, মোড়ানোর পাতার প্যাকেজ বা টিউব যার মধ্যে 20টিরও কম বস্তু থাকে।
- স্কুলের 1,500 ফুটের মধ্যে (নিউ ইয়র্ক সিটিতে 500 ফুট) দোকানের সামনে তামাক এবং ভ্যাপ জাতীয় পণ্য সরঞ্জাম বা বিজ্ঞাপন প্রদর্শন করবেন না।
- বিনামূল্যে তামাক বা ভ্যাপ জাতীয় পণ্য বিতরণ করবেন না।
- তামাক বা ভ্যাপ জাতীয় পণ্যের তালিকাভুক্ত মূল্য কম করার কুপন, ভাউচার, রিবেট বা অন্যান্য পদ্ধতি ব্যবহার বা মান্য করবেন না।
- ফার্মেসি এবং ফার্মেসি আছে এমন দোকানে তামাক এবং ভ্যাপ পণ্য জাতীয় বিক্রি করা নিষিদ্ধ।
- ব্যবসাগুলিকে অবশ্যই তামাক, ভ্যাপ এবং অন্যান্য সীমাবদ্ধ পণ্যের বিক্রয় নিয়ন্ত্রণকারী সমস্ত স্থানীয় আইন মেনে চলতে হবে। এই আইনগুলি কমপক্ষে নিউ ইয়র্ক স্টেটের আইনের মতো কঠোর হতে হবে।

**আইনপ্রয়োগ**

একজন আইনপ্রয়োগকারী অফিসার তামাক এবং ভ্যাপ জাতীয় পণ্য বিক্রি করে এমন ব্যবসাগুলি পরিদর্শন করবেন। পরিদর্শনের মধ্যে অন্তর্ভুক্ত হতে পারে:

- একজন অপ্রাপ্তবয়স্ক ব্যক্তি দ্বারা তামাক, ভ্যাপ জাতীয়, বা অন্যান্য বয়স-সীমাবদ্ধ পণ্য কেনার চেষ্টা
- দেখতে 25 বছরের কম বয়সী বলে মনে হয় এমন কেউ পণ্য কেনার চেষ্টা করলে বয়সের উপযুক্ত প্রমাণ যাচাই করা হচ্ছে তা নিশ্চিত করা
- প্যাকেজ ছাড়া (খোলা) সিগারেট কেনার চেষ্টা
- ন্যূনতম প্যাকেজ আকারের প্রয়োজনীয়তাগুলি পরীক্ষা করা হচ্ছে
- তামাক, ভ্যাপ জাতীয় এবং অন্যান্য বয়স-সীমাবদ্ধ পণ্যগুলি একটি কাউন্টারের পিছনে বা একটি লক করা পাত্রে রয়েছে কিনা তা পরীক্ষা করা
- স্বাদযুক্ত ভেপার জাতীয় পণ্য উপলব্ধ নেই তা যাচাই করা
- স্টেটের কর ও অর্থ সংক্রান্ত বিভাগ থেকে ব্যবসার বর্তমান তামাক এবং ভ্যাপ সংক্রান্ত নিবন্ধন(গুলি) আছে কিনা তা যাচাই করা
- সাসপেন্ড বা প্রত্যাহার করা নিবন্ধন সহ একটি ব্যবসা তামাক বা ভ্যাপ জাতীয় পণ্য বিক্রি করছে না তা যাচাই করা
- বিড়ি বা গুটকা শুধুমাত্র নিবন্ধিত তামাক ব্যবসায় বিক্রি হচ্ছে কিনা তা পরীক্ষা করা
- বৈধ চিহ্নগুলি দৃশ্যমানভাবে লাগানো হয়েছে কিনা তা যাচাই করা
- একটি স্কুলের 1,500 ফুটের মধ্যে (নিউ ইয়র্ক সিটিতে 500 ফুট) দোকানের সামনের অংশে তামাক/ভ্যাপ জাতীয় পণ্যের সরঞ্জাম বা বিজ্ঞাপন নেই তা যাচাই করা

**শাস্তি, জরিমানা এবং লঙ্ঘন**

- প্রবিধান না মেনে চললে ব্যবসাগুলিকে জরিমানা দিতে হবে
- 21 বছরের কম বয়সীদের কাছে সীমাবদ্ধ পণ্য বিক্রির জন্য ব্যবসাগুলিকে পয়েন্টও দেওয়া হবে

- তিন পয়েন্ট প্রাপ্ত ব্যবসাগুলির তামাক এবং ভ্যাপ জাতীয় পণ্য বিক্রির নিবন্ধন(গুলি) এবং লটারি লাইসেন্স (যদি প্রযোজ্য হয়) এক বছরের জন্য সাসপেন্ড করা হবে।
- যে সকল ব্যবসাগুলি তিন বছরের মধ্যে তামাক নিয়ন্ত্রণ আইনের চারটি লঙ্ঘন করবে তাদের তামাক এবং ভেপার জাতীয় পণ্য বিক্রির নিবন্ধন(গুলি) এবং লটারি লাইসেন্স (যদি প্রযোজ্য হয়) এক বছরের জন্য রদ করা হবে।
- সমস্ত লঙ্ঘনগুলি প্রকাশ করা হবে
- উপযুক্ত নিবন্ধন(গুলি) ছাড়া তামাক এবং ভ্যাপ জাতীয় পণ্য বিক্রি করে এমন ব্যবসাগুলির বিষয়ে নিউ ইয়র্ক স্টেট কর ও অর্থ সংক্রান্ত বিভাগ-এর কমিশনারের কাছে তদন্তের জন্য রিপোর্ট করা হবে
- সমস্ত পয়েন্ট অপসারণ না হওয়া পর্যন্ত প্রতি বছর কমপক্ষে দুটি পুনরায় পরিদর্শন করা হবে
- তিন বছর পরে বা ব্যবসার নিবন্ধনের শংসাপত্র এক বছর সাসপেন্ড থাকার পরে তিনটি পয়েন্ট পর্যন্ত সরানো হয়

**লঙ্ঘন**

- প্রথম লঙ্ঘন: $300 থেকে $1,500
- প্রথম লঙ্ঘনের পরে: $1,000 থেকে $2,500
- **এক পয়েন্ট** 21 বছরের কম বয়সী কারো কাছে পণ্য বিক্রি করার জন্য, যখন বিক্রয়ের সময় বিক্রেতার কাছে তামাক বিক্রয় প্রশিক্ষণের বৈধ শংসাপত্র থাকে
- **দুটি পয়েন্ট** 21 বছরের কম বয়সী কারো কাছে পণ্য বিক্রি করার জন্য, যখন বিক্রয়ের সময় বিক্রেতার কাছে তামাক বিক্রয় প্রশিক্ষণের বৈধ শংসাপত্র না থাকে

**অন্যান্য শাস্তি এবং অর্থপ্রদান:**

- প্রতিটি লঙ্ঘনের জন্য $250 অতিরিক্ত অর্থপ্রদান
- তামাক ছাড়া ব্যবসা কর্তৃক বিড়ি বা গুটকা বিক্রির জন্য $500 পর্যন্ত
- স্বাদযুক্ত ভ্যাপ জাতীয় পণ্যগুলির প্রতিটি পৃথক প্যাকেজের জন্য $100 পর্যন্ত
- সাসপেন্ড বা রদ করা নিবন্ধন সহ বিক্রির জন্য আপনার নিবন্ধন(গুলি) স্থায়ীভাবে বাতিল এবং লঙ্ঘনের কারণে $2,500

**আরো তথ্য**

**নিউ ইয়র্ক জনস্বাস্থ্য আইন ধারা 13-F:** www.nysenate.gov/legislation/laws/PBH/A13-F

**নিউ ইয়র্ক কর ও অর্থ বিভাগ:** www.tax.ny.gov/bus/cig/cigidx.htm

**চিহ্ন:** www.health.ny.gov/prevention/tobacco_control/educational_materials.htm

**কর:** tax.ny.gov

**জনস্বাস্থ্য আইন ধারা 13-F এর বিষয়ে প্রশ্নাবলী**

**নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ (New York State Department of Health)**
ইমেইল: TobaccoEnforcement@health.ny.gov অথবা ফোন: (518) 402-7600

**তামাক এবং ভ্যাপ সম্পর্কিত নিবন্ধন প্রয়োজনীয়তাগুলির বিষয়ে প্রশ্নাবলী**
**নিউ ইয়র্ক স্টেট কর ও অর্থ সংক্রান্ত বিভাগ**
Tax.ny.gov অথবা (518) 457-5735